

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৮৫৫

১৩. কিতাবুল হজ্ব (كتاب الحج)

পরিচ্ছেদঃ দুর্বল নারী ও শিশুদের জন্য মুযদালিফা থেকে রাতে রওয়ানা হওয়া বৈধ মর্মে বর্ণনা

ذَكَرُ الْإِبَاحَةَ لِلضُّعَفَاءِ مِنَ النِّسَاءِ وَالْأَوْلَادِ أَنْ يَدْفَعْنَ مِنْ جَمْعٍ بَلِيلٍ

আরবী

3855 - أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ بْنِ إِبْرَاهِيمَ مَوْلَى ثَقِيفٍ قَالَ: حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ الْحَنْظَلِيُّ قَالَ: أَخْبَرَنَا الثَّقَفِيُّ قَالَ: حَدَّثَنَا أَيُّوبُ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ الْقَاسِمِ عَنْ أَبِيهِ عَنْ عَائِشَةَ قَالَتْ: كَانَتْ سَوْدَةُ امْرَأَةً ضَخْمَةً ثَبِطَةً فَاسْتَأْذَنْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنْ تُفِيضَ مِنْ جَمْعٍ بَلِيلٍ فَأَذِنَ لَهَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَكَانَتْ عَائِشَةُ تَقُولُ: وَدِدْتُ أَنِّي كُنْتُ اسْتَأْذَنْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَمَا اسْتَأْذَنْتُهُ سَوْدَةُ.

الراوي : عَائِشَةُ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات

الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3855 | خلاصة حكم المحدث: صحيح: خ (1680 و 1681) ، م (76 /4).

বাংলা

৩৮৫৫. আয়িশা রাদিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, “সাওদা রাদিয়াল্লাহু আনহা স্তূল ও ধীরগতিসম্পন্ন নারী ছিলেন। ফলে তিনি মুযদালিফা থেকে রাতে রওয়ানা হওয়ার জন্য আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে অনুমতি চান। অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাকে অনুমতি দেন। আর আয়িশা রাদিয়াল্লাহু আনহা বলতেন, “আমার আশা হয় যে, আমিও যদি আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে অনুমতি চাইতাম, যেভাবে তিনি তাঁর কাছে অনুমতি চেয়েছিলেন।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৬/৯৪; সহীহুল বুখারী: ১৬৮০; সহীহ মুসলিম: ১২৯০; নাসাঈ: ৫/২৬২; ইবনু মাজাহ: ৩০২৭; দারেমী: ২/৫৮; সুনান বাইহাকী: ৫/১২৪।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ৩৮৫৩)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবু বাকর সিদ্দীক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=93194>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন